দৈনিক সংবাদ

তারিখ 30 JUN 1988
পৃষ্ঠা 1 কলাম 8



# ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতির অবনতি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

দু'দিন অপেক্ষাকৃত শান্ত থাকার পর গতকাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয় পরিস্থিতির অবনতি ঘটেছে।

গতকাল দুপুরে এবং সন্ধ্যার পর কলাভবন ও উপাচার্যের বাসভবন এলাকার আশপাশে সব মিলিয়ে প্রায় ৩০ রাউণ্ড ফাঁকা গুলী বর্ষণ এবং ৩/৪টি বোমা ফাটানো হয়েছে। ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল আবাসিক হলগুলোতে সতর্কতামূলক নোটিশ জারি করেছেন। ক্যাম্পাসের চারদিকে পুলিশী প্রহরা চলছে।

দুপুর দু'টার দিকে উপাচার্যের কক্ষে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পরিবেশ পরিষদ ষ্ট্যাণ্ডিং কমিটির সভা চলাকালে হঠাৎ করে কলাভবন এলাকায় ৮/৯ রাউণ্ড গুলীবর্ষণের শব্দ শোনা যায়। এর পরপরই সূর্যসেন হলের দিক

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## ঢাকা বিশ্ববিদ্যালয়
# ছাত্রবেতন ও সীট ভাড়া বাড়ানোর সুপারিশের নিন্দা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় বাজেট উপদেষ্টা কমিটি ছাত্রবেতন ও সীট ভাড়া বাড়ানোর যে সুপারিশ করেছে তার তীব্র নিন্দা করে কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের

(শেষ পৃ: ৩-এর ক: দ্র:)

দৈনিক সংবাদ

30 JUN 1988
তারিখ
পৃষ্ঠা 1 কলাম 8

## বিশ্ববিদ্যালয় পরিস্থিতি

(প্রথম পাতার পর)

থেকে আরো গুলীর শব্দ হয় এবং কিছুক্ষণের মধ্যেই কলাভবনের পশ্চিম পাশের মাঠে একদল সশস্ত্র যুবককে দৌড়াতে দৌড়াতে গুলী করতে দেখা যায় বলে প্রত্যক্ষদর্শীরা জানিয়েছেন। উদ্ভূত পরিস্থিতির কারণে ষ্ট্যাণ্ডিং কমিটির সভা অসমাপ্ত অবস্থায় শেষ হয়।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ সময় পুলিশ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে ক্যাম্পাসে পুলিশ পাঠানোর অনুরোধ জানালে উপাচার্যের বাসভবন এবং সলিমুল্লাহ হলের সামনে পুলিশ অবস্থান নেয়। রাত ৮টার দিকে উপাচার্য ভবনের আশপাশে আরো কয়েক রাউণ্ড গুলীবর্ষণ ও বোমা বিস্ফোরণের ঘটনা ঘটে। এ সময় সেখানে পুলিশ ছিল না। গত রোববার রাতে শহীদুল্লাহ হলের ৩টি এবং জসীমউদদীন হলে একটি কক্ষের জিনিসপত্র তছনছ করা হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। কক্ষগুলো ছাত্রলীগ (মু-না) কর্মীদের।

### হলে হলে নোটিশ

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গতকাল আবাসিক হলগুলোতে একটি সতর্কতামূলক নোটিশ জারি করেছেন। তাতে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের কয়েকটি হলে গত কয়েকদিন ধরে অস্ত্রধারী এবং বহিরাগতদের যাতায়াত ও অবস্থান মারাত্মকভাবে বৃদ্ধি পেয়েছে। এতে সাধারণ ছাত্রদের মধ্যে আতংক ছড়িয়ে পড়েছে। অবিলম্বে এই পরিস্থিতির অবসান না হলে বিশ্ববিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম চালিয়ে যাওয়া সম্ভব নয়।

নোটিশে আরো বলা হয়, এ অবস্থায় স্পষ্টভাবে জানিয়ে দেয়া হচ্ছে যে, ছাত্র-বহিরাগত নির্বিশেষে কোন অস্ত্রধারী হলে থাকলে তাদের পরিণতির জন্য কর্তৃপক্ষ দায়ী হবেন না। দেশের প্রচলিত আইন অনুযায়ী আইন শৃঙ্খলা রক্ষাকারী সংস্থা হল তল্লাশি করতে বাধ্য হবে এবং ২ ঘন্টার নোটিশে বিশ্ববিদ্যালয় ও হলসমূহ বন্ধ করে দেয়া হবে।

সন্ধ্যায় সকল হলের প্রাধ্যক্ষের সাথে উপাচার্যের এক সভা অনুষ্ঠিত হয়। সভায় হলগুলোর বর্তমান পরিস্থিতি পর্যালোচনা করা হয়।

গতকাল দুপুরের পর থেকেই মুহসীন, সূর্যসেন ও জসিম উদ্দীন হলে অবস্থানরত জাতীয়তাবাদী ছাত্রদল কর্মীদের এবং সলিমুল্লাহ হলে অবস্থানরত ছাত্রলীগ (মু-না) কর্মীদের মধ্যে উত্তেজনা দেখা যায়, ক্যাম্পাসে আতংক ছড়িয়ে পড়ে। সন্ধ্যার পর থেকে রাস্তাগুলোতে বাতি না থাকায় রাত পৌনে ১১টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত ক্যাম্পাসে থমথমে অবস্থা বিরাজ করছিল।

### ছাত্রদলের অভিযোগ

ছাত্রদলের সভাপতি আসাদুজ্জামান রিপন ও সাধারণ সম্পাদক আমানউল্লাহ আমান গতকাল এক যুক্ত বিবৃতিতে অভিযোগ করেছেন যে, ছাত্রলীগের (মু-না) সাংগঠনিক সম্পাদকের নেতৃত্বে কয়েকজন গতকাল দুপুরে কলাভবনের সামনে ছাত্রদলের কয়েকজন নেতাকে লক্ষ্য করে গুলী ছোড়ে, এতে ফেরদৌস আহমেদ খোকন আহত হন। ঘটনার নিন্দা করে বিবৃতিতে হামলাকারীদের শাস্তি দাবী করা হয়।

### ছাত্রলীগের বক্তব্য

ছাত্রলীগের (মু-না) সভাপতি মুশতাক হোসেন ও সাধারণ সম্পাদক নাজমুল হক প্রধান এক যুক্ত বিবৃতিতে বলেছেন, গত ২৫শে জুনের পর থেকে মুহসীন, সূর্যসেন হল থেকে ছাত্রলীগ কর্মীদের তাড়িয়ে দিয়ে যারা সেখানে অবস্থান করছে তাদের মধ্যে থেকে একদল ব্যক্তি গতকাল দুপুরে কলাভবন ও প্রশাসনিক ভবন এলাকায় গোলাগুলি বর্ষণ করে।

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে বহিরাগতরা উচ্ছেদ হয়েছে বলে বেগম খালেদা জিয়া গত রোববার যে বক্তব্য রেখেছেন তাকে উদ্দেশ্যপ্রণোদিত বলে বিবৃতিতে উল্লেখ করা হয়।

## সীট ভাড়া

(১ম পাতার পর)

একাংশ অবিলম্বে এই সুপারিশ প্রত্যাখ্যান করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি দাবী জানিয়েছে।

গতকাল সোমবার দেয়া পরিষদের এক বিবৃতিতে (মোস্তাফিজুর রহমান বাবুল স্বাক্ষরিত) বলা হয়, দেশের ছাত্র সমাজ যখন বাজেটে ছাত্রবেতন বাড়ানোর বিরুদ্ধে আন্দোলন করছে তখন উক্ত কমিটির ওই সুপারিশ সরকার প্রস্তাবিত শিক্ষা ভর্তুকি প্রত্যাহার ও শিক্ষা-সংকোচন নীতির প্রতি পরোক্ষ সমর্থনের সামিল।

বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় বৃদ্ধির মাধ্যমে স্বায়ত্তশাসন যথাযথভাবে অক্ষুন্ন রাখা সংক্রান্ত কমিটির সুপারিশকে বিবৃতিতে 'হাস্যকর' বলে উল্লেখ করা হয়।

বাংলাদেশ ছাত্র ইউনিয়নের সভাপতি মো: তাহেরউল্লাহ এবং সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান বাবুল পৃথক এক যুক্ত বিবৃতিতে অনুরূপ প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের সভাপতি মোস্তফা ফারুক ও সাধারণ সম্পাদক আশরাফুল হক বকুল অনুরূপ এক যুক্ত বিবৃতি দিয়েছেন।